গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী
ফোন নং ঃ ০২৪৭-৮১২৫৩২, মোবাইল নং: ০১৩০৯-১২৭০৪৩
web: www.rmscraj.edu.bd/e-mail:mail.rmsc@gmail.com

তারিখ : ১১/০৯/২০২৩ খ্রি.

# 'পুষ্টি-প্রথম আলো বিতর্ক উৎসব' সম্পর্কিত বিজ্ঞপ্তি

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজের ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী ২১/০৯/২০২৩ তারিখ 'পুষ্টি-প্রথম আলো বিতর্ক উৎসব' রাজশাহী কলেজিয়েট স্কুলে অনুষ্ঠিত হবে। বিতর্ক উৎসবে অংশগ্রহণে আগ্রহী শিক্ষার্থীদের আগামী ১৭/০৯/২০২৩ তারিখের মধ্যে ইতিহাস বিভাগের প্রভাষক জনাব মো: সফর আলীর (মোবাইল নং: ০১৭১১৪১০৬৯১) সাথে যোগাযোগের জন্য বলা হলো।

১১/০৯/২০২৩

অধ্যক্ষ
রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ
রাজশাহী।

প্রথম আলো

সম্পাদকীয় : প্রগতি ইনসুরেন্স ভবন, ২০-২১ কারওয়ানবাজার, ঢাকা ১২১৫, বাংলাদেশ। বানিজ্যিক : প্রথম আলো ভবন, ১৯ কারওয়ানবাজার, ঢাকা ১২১৫, বাংলাদেশ

ফোন : ৮১৮০০৭৮-৮১, ৯১২১৪১৯, ফ্যাক্স : ৯১৩০৪৯৬

১০ সেপ্টেম্বর ২০২৩

বরাবর

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ

বিষয় : 'পুষ্টি-প্রথম আলো বিতর্ক উৎসব'-এ আপনার শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণ প্রসঙ্গে।

প্রিয় সুহৃদ,

আমাদের আন্তরিক শুভেচ্ছা নেবেন। আশা করি ভালো আছেন।

আপনার মতো অসংখ্য শুভার্থীর ভালোবাসা আর সহযোগিতাই আমাদের এগিয়ে চলার শক্তি। *প্রথম আলোর* পাঠক ও সুহৃদ হিসেবে আপনাকে জানাই গভীর কৃতজ্ঞতা।

আপনি নিশ্চয়ই অবগত আছেন, পত্রিকা প্রকাশের পাশাপাশি *প্রথম আলো* বিভিন্ন সামাজিক কর্মকাণ্ড করে থাকে। গণিত উৎসব, এসএসসিতে জিপিএ-৫ পাওয়া কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা, ফিজিক্স অলিম্পয়াড, বিজ্ঞান উৎসব, প্রোগ্রামিং কনটেস্টসহ নানা আয়োজনের মাধ্যমে আমাদের শিশু-কিশোরেরা বিশ্ব নাগরিক হিসেবে গড়ে উঠছে। এরই ধারাবাহিকতায় এ বছর পুষ্টি ও প্রথম আলোর উদ্যোগে আমরা দেশের ৪০টি অঞ্চলে বিতর্ক উৎসবের আয়োজন করছি।

অত্যন্ত আনন্দের সঙ্গে জানাতে চাই যে বিতর্ক উৎসব আয়োজনের মধ্য দিয়ে শিক্ষার্থীরা বিতর্কে অংশগ্রহণের পাশাপাশি কর্মশালায় অংশগ্রহণ করতে পারবে। স্বনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠান রাজশাহী কলেজিয়েট স্কুল স্কুলে আপনার অঞ্চলের বিতর্ক উৎসবটি আগামী ২১/৯/২৩ তারিখে আয়োজন করা হবে। এই উৎসবে জেলার ১৬টি শিক্ষাপ্রতিষ্ঠানের বিতর্ক দল সনাতন পদ্ধতিতে বিতর্কে অংশগ্রহণ করবে। সকাল ৮টায় উদ্বোধনী অনুষ্ঠান শুরু হয়ে বেলা ৩টায় সমাপনী পর্বের মধ্য দিয়ে শেষ হবে।

প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানের ষষ্ঠ থেকে দশম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের নিয়ে ১টি করে বিতর্ক দল (৩ জন বিতার্কিক, ১ জন অতিরিক্ত সদস্য ও ১ জন মডারেটর) নির্বাচিত করবেন। এ ছাড়া বিতর্ক কুইজে অংশ নিতে দুটি ক্যাটাগরির নিম্নমাধ্যমিক (ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি) এবং মাধ্যমিক (নবম ও দশম শ্রেণি) প্রতিটি ক্যাটাগরিতে ৩ জন করে মোট ৬ জন শিক্ষার্থী অংশ নেবে।

প্রতিটি অঞ্চলের বিতর্কের বিজয়ী দল এবং কুইজের দুটি ক্যাটাগরির সেরা ৩ জন করে মোট ৬ জন ঢাকায় জাতীয় উৎসবে অংশগ্রহণ করার সুযোগ পাবেন।

আঞ্চলিক বিতর্ক উৎসবের স্থান : রাজশাহী কলেজিয়েট স্কুল, রাজশাহী,

তারিখ : ২১/০৯/২০২৩ইং সময় : সকাল ৮:০০টা

আপনার শিক্ষাপ্রতিষ্ঠানের বিতর্ক দলের ৫ জন (মডারেটরসহ) ও কুইজের ৬ জনসহ মোট নিবন্ধিত ১১ জনকে সকালের নাশতা ও দুপুরের খাবার সরবরাহ করা হবে। অনুষ্ঠানটি সফল করার জন্য আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।

আপনার কল্যাণ কামনা করি।

ধন্যবাদসহ

আনিসুল হক, ব্যবস্থাপনা সম্পাদক, *প্রথম আলো*

**বিতর্ক উৎসবে অংশগ্রহণের জন্য আপনার প্রতিষ্ঠানের নিবন্ধন করতে গুগল ফরম পূরণ করুন (https ://forms.gle/Y5MbyQoW8uQV7bKH7) অথবা যোগাযোগ করুন এই নম্বরে : ০১৪০৮৮৮০০৫০।**

প্রথম আলো
সম্পাদকীয় : প্রগতি ইনসুরেন্স ভবন, ২০-২১ কারওয়ানবাজার, ঢাকা ১২১৫, বাংলাদেশ। বানিজ্যিক : প্রথম আলো ভবন, ১৯ কারওয়ানবাজার, ঢাকা ১২১৫, বাংলাদেশ
ফোন : ৮১৮০০৭৮-৮১, ৯১২১৪১৯, ফ্যাক্স : ৯১৩০৪৯৬

## যেসব বিষয়ে বিতর্ক হবে

### প্রথম রাউন্ড

১. মাদকমুক্ত রাখার ক্ষেত্রে পরিবার নয়, শিক্ষকদের ভূমিকাই প্রধান।
২. তথ্যপ্রযুক্তির অবাধ ব্যবহার পাঠ্যাভ্যাস নষ্ট করছে।
৩. প্রাথমিক পর্যায়েই সব শিক্ষাপ্রতিষ্ঠানে ক্রীড়াশিক্ষা বাধ্যতামূলক করা উচিত।

### দ্বিতীয় রাউন্ড

১. পুষ্টিজ্ঞানের অভাবই পুষ্টিহীনতার জন্য দায়ী।
২. শিশুদের অনলাইন নেতিবাচক আচরণের জন্য প্রধানত অভিভাবকই দায়ী।
৩. প্রাথমিক পর্যায়েই সব শিক্ষাপ্রতিষ্ঠানে ক্রীড়াশিক্ষা বাধ্যতামূলক করা উচিত।

### সেমিফাইনাল

১. সামাজিক সচেতনতাই পারে বাল্যবিবাহ প্রথা বিলোপ করতে।
২. এই সময়ে, মেধাবী মানুষের চেয়ে মানবিক মানুষই বেশি দরকার।
৩. আইন নয়, অবকাঠামোগত উন্নয়নই রাজধানীর যানজট নিয়ন্ত্রণ করতে পারে।

### ফাইনাল

১. পরিবেশ রক্ষায় ব্যক্তির ভূমিকাই প্রধান।
২. পরিবেশ রক্ষার চেয়ে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ভবিষ্যৎ পৃথিবীর জন্য বড় চ্যালেঞ্জ।

### বিতর্কের ফরম্যাট, দল ও অংশগ্রহণের পদ্ধতি

১. বিতর্ক প্রতিযোগিতার পদ্ধতি হবে সনাতনী পদ্ধতির।
২. প্রতি দলে তিনজন করে শিক্ষার্থী অংশ নেবে। শিক্ষার্থীরা হবে ষষ্ঠ-দশম শ্রেণির, অর্থাৎ একটি স্কুলের তিনজনের একটি বিতর্ক দল অংশ নেবে, তিনজনের একজন হবে দলনেতা। প্রতি দলের সঙ্গে একজন করে ডিবেট মডারেটর (স্কুলের শিক্ষক) থাকবেন।
৩. প্রতিযোগিতা শুরুর কমপক্ষে ৩০ মিনিট আগে প্রস্তাব পক্ষে-বিপক্ষে লটারির মাধ্যমে নির্ধারণ করা হবে।
৪. সেমিফাইনাল এবং ফাইনাল ছাড়া প্রতিটি বিতর্কে দু-তিনজন বিচারক থাকবেন।
৫. সেমিফাইনালে তিনজন এবং ফাইনালে পাঁচজন বিচারক থাকবেন।

### বারোয়ারি বিতর্ক ও আঞ্চলিক সেরা বিতার্কিক নির্বাচন

১. উৎসবের দিন নিবন্ধনের মাধ্যমে বারোয়ারি বিতর্কে অংশ নেওয়া যাবে ।
২. বারোয়ারি বিতর্কের জন্য প্রত্যেক বক্তা তিন মিনিট করে সময় পাবে।
৩. আঞ্চলিক পর্যায়ের বারোয়ারি বিতর্কের চ্যাম্পিয়ন বিতার্কিক জাতীয় পর্যায়ে বারোয়ারি বিতর্কে অংশ নেবে।

### বিতর্ক কুইজ

১. শিক্ষার্থীদের অংশগ্রহণে 'বিতর্ক কুইজ' প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। শিক্ষার্থীরা রেজিস্ট্রেশনের মাধ্যমে কুইজ প্রতিযোগিতায় অংশ নিতে পারবে। দুই ক্যাটাগরি— নিম্নমাধ্যমিক (ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি) এবং মাধ্যমিক (নবম ও দশম শ্রেণি)।
২. দুই ক্যাটাগরি থেকে ৩ জন করে নির্বাচিত ছয়জন জাতীয় পর্যায়ে কুইজে অংশ নেবে।

### চূড়ান্ত পর্ব

১. জাতীয় উৎসব হবে ঢাকায় ।
২. সারা দেশের মোট ৪০ অঞ্চলের বিজয়ী ৪০টি স্কুল জাতীয় পর্যায়ে অংশ নেবে। অংশগ্রহণকারীরা নিজেদের খরচে অনুষ্ঠানে যোগ দেবে।
৩. সারা দেশের ৪০টি অঞ্চলের ৪০ জন সেরা বিতার্কিকদের (বারোয়ারির চ্যাম্পিয়ন) নিয়ে একটি বারোয়ারি বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।
৪. সারা দেশের ৪০টি অঞ্চলের বিতর্ক কুইজের দুই ক্যাটাগরির সেরা ছয়জনের জন্য বিতর্ক কুইজ অনুষ্ঠিত হবে।

প্রথম আলো
সম্পাদকীয় : প্রগতি ইনসুরেন্স ভবন, ২০-২১ কারওয়ানবাজার, ঢাকা ১২১৫, বাংলাদেশ। বানিজ্যিক : প্রথম আলো ভবন, ১৯ কারওয়ানবাজার, ঢাকা ১২১৫, বাংলাদেশ
ফোন : ৮১৮০০৭৮-৮১, ৯১২১৪১৯, ফ্যাক্স : ৯১৩০৪৯৬

পুষ্টি । প্রথম আলো

# স্কুল বিতর্ক উৎসব ২০২৩

শিক্ষাপ্রতিষ্ঠানের নাম :..........................................................................................

শিক্ষাপ্রতিষ্ঠানের পূর্ণাঙ্গ ঠিকানা :...............................................................................

প্রধান শিক্ষক/অধ্যক্ষের নাম :.....................................................................................

মুঠোফোন নম্বর :......................................................................................................

বিতর্কের মডারেটরের নাম :.........................................................................................

মুঠোফোন নম্বর :......................................................................................................

## ক) শিক্ষাপ্রতিষ্ঠানের মনোনীত বিতর্ক দল

| ক্রমিক | বিতার্কিকের নাম | শ্রেণি | অভিভাবকের নাম | মুঠোফোন নম্বর |
|---|---|---|---|---|
| ১ | | | | |
| ২ | | | | |
| ৩ | | | | |
| ৪ | | | | |

## খ) বিতর্কবিষয়ক কুইজে শিক্ষাপ্রতিষ্ঠানের মনোনীতদের তালিকা

| ক্রমিক | শিক্ষার্থীদের নাম | শ্রেণি | অভিভাবকের নাম | মুঠোফোন নম্বর |
|---|---|---|---|---|
| ১ | | | | |
| ২ | | | | |
| ৩ | | | | |
| ৪ | | | | |
| ৫ | | | | |
| ৬ | | | | |

ঠিকানা : প্রথম আলো ভবন, ১৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫। বিস্তারিত জানতে : ০১৪০৪-৪৪০০৫০। অথবা

স্থানীয় প্রথম আলো অফিস/প্রতিনিধির ঠিকানা : সাব্বির খান মিজান (?) / সাইফুর রহমান (?)

যোগাযোগের মুঠোফোন : 01794-831035 / 01715-858634

সহযোগিতায় : প্রথম আলো বন্ধুসভা